

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নং-০৫.৫৫৮.০০০.০২.০০.০৫৭.২০১৭-

৬০২(৬০০)

তারিখ : ২৬/০৭/২০১৭ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিবিধমালা ২০১৫ এর বিধান মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলার নিম্নোক্ত ইউনিয়ন পরিষদের শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগ করার লক্ষ্যে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে সাদা কাগজে স্বহস্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	শূন্যপদের সংখ্যা	বেতন সর্বসাকুল্যে	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা
০১	দফাদার	নাসিরনগর-০১, পূর্বভাগ-০১, এবং ধরমন্ডল-০১ মোট ০৩টি।	৩,৪০০/-	দফাদার (পদোন্নতির মাধ্যমে) মহল্লাদার পদে অন্যূন ০৭(সাত) বছরের চাকুরী।	শুধু সংশ্লিষ্ট ইউনিয়নের মহল্লাদারগণ আবেদন করতে পারবেন।
০২	মহল্লাদার	চাতলপাড়-০৪, কুড়া-০২, গোয়ালনগর-০১, নাসিরনগর-০১, বুড়িশ্বর-০১, ফান্দাউক-০৪, গুণিয়াউক-০১, চাপরতলা-০২, গোকর্ণ-০১, পূর্বভাগ-০৪ এবং হরিপুর-০৪ সর্বমোট ২৫টি।	৩,০০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন-৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন-৪৫ কেজি।

শর্তাবলী :

- আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া ও সভাপতি, গ্রাম পুলিশ নিয়োগ কমিটি বরাবর আবেদন করতে হবে।
- আবেদনপত্র আগামী ২৪/০৮/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ ডাকযোগে /সরাসরি জমা দিতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত : (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (গ্রাম, মহল্লা, ওয়ার্ডনং, ইউনিয়ন, উপজেলা, জেলা) (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা পাটপোর্ট সাইজের ০৩ কপি ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- অনলাইনের জন্য নিবন্ধন অথবা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদপত্র এবং চারিত্রিক সনদপত্র।
- প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে। এ ছাড়া মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- মহল্লাদারদের মধ্য হতে তাদের কর্মতৎপরতা, সততা, দক্ষতা ও জেষ্ঠ্যতারভিত্তিতে দফাদার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রদান করা হবে।
- সাক্ষাতকারের সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। সাক্ষাতকারের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে বাতিল বা পরিবর্তন করতে পারবেন।



(মোঃ লিয়াকত আলী)
উপজেলা নির্বাহী অফিসার
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া

ও

সভাপতি

গ্রাম পুলিশ নিয়োগ কমিটি

১